



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, পটুয়াখালী।
dddaeptk@gmail.com



স্মারক নং-১২.১৭.৭৮০০.০৪১.১৯.০০০.২১/৮১৭

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৯ বাং
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ


বরাবর

উপজেলা কৃষি অফিসার
(সকল), পটুয়াখালী।

বিষয়ঃ আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে পটুয়াখালী জেলায় চলতি খরিপ-২ মৌসুমে ১৮৯৯২৩ হেক্টর জমিতে আমন আবাদে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যেই প্রায় শতভাগ জমিতে আমন আবাদ সম্পন্ন হয়েছে। কাজিখত মাত্রার আমন ধানের ফলন পেতে হলে নিম্নোক্ত পদক্ষেপগুলো বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো-

- ১) শতভাগ জমিতে নিয়ম অনুযায়ী পার্টিং করতে হবে।
- ২) প্রতি ব্লকে কমপক্ষে ১০ টি আলোক ফাঁদ স্থাপন পূর্বক পোকাকার উপস্থিতি পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- ৩) সঠিক আগাছা নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে। বিশেষ করে রোপনের পর ৪০ দিন পর্যন্ত যথাসম্ভব ধান ক্ষেত আগাছা মুক্ত রাখতে হবে।
- ৪) যথাপোয়ুক্ত রোগ/পোকাকার নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে।
- ৫) প্রয়োজনে ধান ক্ষেতে সম্পূরক সেচের ব্যবস্থা নিতে হবে।
- ৬) যথাদ্রুত সম্ভব বিরূপ আবহাওয়া তথ্য/পূর্বাভাস এবং করণীয় সম্প্রর্কে কৃষকদের অবহিত করতে হবে।
- ৭) বীজ উৎপাদন প্লট সমূহে বীজ ধান উৎপাদনের জন্য বিশেষভাবে নজর দিতে হবে। সঠিক সময়ে বিজাত বাছাই (রিগিং) করতে হবে।
- ৮) নিয়ম অনুসারে জাতের জীবনকাল বিবেচনা করে সঠিক সময় ইউরিয়া সারের উপরিপ্রয়োগ নিশ্চিত করতে হবে। কৃষক যাতে অতিরিক্ত ইউরিয়া ব্যবহার না করে সে বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে।
- ৯) মাঠ পর্যায়ে বিভিন্ন রাসায়নিক সারের প্রাপ্যতা সহজ করা এবং সরকারি মূল্যে সার বিক্রির জন্য মনিটরিং ব্যবস্থা জোড়দারসহ কার্যকরী পদক্ষেপ নিতে হবে।
- ১০) উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করতে হবে।


মোঃ খায়রুল ইসলাম মাল্লিক
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, পটুয়াখালী।
ফোন- ০২-৪৭৮৮৩৫৪৩২

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ২) অফিস নথি।